খাগড়াছড়িতে পাহাড়ের প্রয়াত সাংবাদিক মকসুদ আহমেদ’র শোকসভা পালিত

খাগড়াছড়ি- পাহাড়ের প্রবীণ ও গুণী সাংবাদিক একেএম মকসুদ আহমেদ’র মৃত্যুতে খাগড়াছড়িতে খতমে কুরআন ও শোকসভা অনুষ্ঠিত হয়েছে।
রবিবার(২৩ ফেব্রুয়ারী) বেলা ১২টায় খাগড়াছড়ি প্রেসক্লাবে খতমে কুরআন ও শোকসভার আয়োজন করা হয়।
এ সময় প্রয়াত সাংবাদিক একে এম মকসুদ আহমেদ’র বিদেহী আত্মার শান্তি কামনায় ১মিনিট নিরবতা পালন করা হয়। এর আগে তার রূহের মাগফিরাত কামনা করে আলামিন বারিয়া এতিমখানার এতিমদের দিয়ে খতমে কুরআন ও শোকসভা শেষে সকলে মিলে দোওয়া ও মুনাজাত করা হয়। শোকসভায় মকসুদ আহমেদ’র সাংবাদিকতার স্মৃতিচারণ করতে গিয়ে প্রেসক্লাবের সভাপতি তরুন কুমার ভট্টাচার্য্য তার বক্তব্যের শুরুতে আবেগ আপ্লূত হয়ে পড়েন। তিনি বলেন, আমরা একজন সুযোগ্য ও পাহাড়ের সাহসী এক অবিভাবককে হারালাম। যিনি যে কোনো সাংবাদিকের যে কোনো সমস্যার কথা শুনা মাত্রই তাকে যথাসাধ্য সহযোগিতার হাত বাড়িয়ে দিতেন সাহসীকতার সাথে।
একে এম মকসুদ আহমেদ রাঙ্গামাটি থেকে প্রকাশিত দৈনিক গিরিদর্পণ পত্রিকার সম্পাদক ছিলেন। পাশাপাশি পাহাড়ের প্রবীণ, গুণী ও সাংবাদিকতার পথিকৃৎ হিসেবে আলোচিত ছিলেন তিনি।
শোকসভায় খাগড়াছড়ি প্রেসক্লাবের সভাপতি তরুণ কুমার ভট্টাচার্য্য ছাড়াও উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক এইচ এম প্রফুল্লসহ জেলা সদরে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিকগণ। প্রসঙ্গত, একেএম মকছুদ আহমেদ ৫৬ বছর ধরে সাংবাদিকতা পেশায় রয়েছেন। মৃত্যুর আগ পর্যন্ত তিনি দৈনিক ইত্তেফাক রাঙামাটি জেলা প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। গত বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার পর তিনি রাঙামাটি সদর হাসপাতালে মৃত্যুবরণ করেছেন।